গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
(বীমা-২ শাখা)
www.fid.gov.bd

নম্বর-৫৩.০০.০০০০.০০০.৪১১.২৪.০০০৩.২৪.১৭৬ তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ মে, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২৬-২৭ শিক্ষাবর্ষে প্রফেশনাল একচ্যুয়ারির বিষয়ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের নিবন্ধন ফি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ।

সূত্র : এ বিভাগের জারিকৃত বিজ্ঞপ্তি নং-নম্বর-৫৩.০০.০০০০.০০০.৪১১.২৪.০০০৩.২৪.১৭৩; ১২-০৫- ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, দেশের বীমা শিল্পে ডিগ্রিধারী একচ্যুয়ারির সংখ্যা বৃদ্ধি করার লক্ষ্যে ২০২৬-২৭ শিক্ষাবর্ষে প্রফেশনাল একচ্যুয়ারির বিষয়ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের নিবন্ধন ফি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত)। বৃত্তি বিজ্ঞপ্তিটি অধিকতর প্রচারের লক্ষ্যে তাঁর মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনানুযায়ী ০১ (এক) পৃষ্ঠা।

(মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার)
উপসচিব
ফোন: ০২-৫৫১০১৩৮৭
ই-মেইল: ds.insurance@fid.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলানগর, ঢাকা।
৪। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা।
৫। মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা।
৭। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন, ২৪, মতিঝিল বা/এ, ঢাকা।
৮। পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, ৫৩/এ, মহাখালী বা/এ, ঢাকা।
৯। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সুরেন্স এসোসিয়েশন, হোসেন টাওয়ার, বক্স কালভার্ট রোড, নয়াপল্টন, ঢাকা।
১০। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সুরেন্স ফোরাম, ৩৬, দিলকুশা বা/এ, ঢাকা।

নম্বর-৫৩.০০.০০০০.০০০.৪১১.২৪.০০০৩.২৪.১৭৬(১/৩) তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ মে, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):
১। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অতিরিক্ত সচিব (বীমা ও পুঁজিবাজার অনুবিভাগ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৩। যুগ্মসচিব (বীমা অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ।

(মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার)
উপসচিব

Masud/Documents/Actuary/৪১১.২৪.০০১.২০ Actuary Created

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
(বীমা-২ শাখা)
www.fid.gov.bd

নম্বর-৫৩.০০.০০০০.০০০.৪১১.২৪.০০০৩.২৪.১৭৩

তারিখ: ২৯ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
১২ মে, ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২৬-২৭ শিক্ষাবর্ষে প্রফেশনাল একচ্যুয়ারির বিষয়ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিবন্ধন ফি প্রদানের লক্ষ্যে দরখাস্ত আহ্বান।**

আগামী ২০২৬-২৭ শিক্ষাবর্ষে প্রফেশনাল একচ্যুয়ারির বিষয়ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিবন্ধন ফি প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে ও নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা হচ্ছে:

১। Institute and Faculty of Actuaries, UK (IFoA-UK); Society of Actuaries, USA (SoA-USA) বা অন্য কোন দেশের সমমানের প্রতিষ্ঠানে নিবন্ধনকরত: বিষয়ভিত্তিক নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণের মাধ্যমে প্রফেশনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থী আবেদন করতে পারবেন;

২। আবেদনকারী বিষয়ভিত্তিক পরীক্ষায় নিবন্ধনপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিবন্ধন ফি সংক্রান্ত Invoice বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করার পর এতৎসংক্রান্ত অর্থ পরিশোধ করা হবে;

৩। IFoA-UK, SoA-USA বা সমমানের কোন সোসাইটিতে ১ (এক) বিষয়ে পরীক্ষায় অবতীর্ণ হওয়ার পর ৫ (পাঁচ) বছর পর্যন্ত 'একচ্যুয়ারিয়াল সাইন্স স্কলারশিপ তহবিল' এর অর্থায়নে একই বিষয়ে সর্বোচ্চ ২ (দুই) বার বিষয়ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে দ্বিতীয়বার পরীক্ষা দেয়ার পরও যদি কোন বিষয়ে কৃতকার্য না হোন, এক্ষেত্রে নিজ খরচে তৃতীয়বার পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তৃতীয়বারের পরীক্ষায় অংশগ্রহণপূর্বক কৃতকার্য শিক্ষার্থীর পরীক্ষার ফি উক্ত তহবিল থেকে পরবর্তীতে পুন:ভরণ করা হবে। কোন অবস্থাতেই একই বিষয়ে চতুর্থবার পরীক্ষায় অংশগ্রহনের জন্য 'একচ্যুয়ারিয়াল সাইন্স স্কলারশিপ তহবিল' হতে ফি প্রদান করা হবে না;

৪। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা, বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত সরকারি প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি বীমা কোম্পানি (লাইফ/নন-লাইফ)-তে চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে প্রার্থীগণ চাইলে আবেদনের অগ্রিম কপি নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে পারবেন;

৫। আগ্রহী প্রার্থীগণ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.fid.gov.bd ও www.idra.org.bd) থেকে আবেদনপত্রের ফরম ডাউনলোড করতে পারবেন;

৬। সম্প্রতি তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট এর সত্যায়িত কপি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, পরীক্ষার মার্কশিট/গ্রেড পয়েন্টের সত্যায়িত কপি, IFoA-UK, SoA-USA বা সমমানের প্রতিষ্ঠান হতে মডিউলভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের প্রমানক, ব্যয় সংক্রান্ত Invoice এর কপিসহ আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবরে ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাতে হবে। উল্লেখ্য, যারা ইতোপূর্বে বিষয়ভিত্তিক পরীক্ষায় নিবন্ধনপূর্বক নিয়মিত অধ্যয়ন করছেন তাদের ক্ষেত্রে শুধুমাত্র মডিউলভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের প্রমানক দাখিল করলেই হবে;

৭। আবেদনের সময়সীমা **১৫ জুন, ২০২৬ তারিখ, সোমবার, বিকাল ০৫:০০ টা পর্যন্ত**, এবং

৮। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন/পরিবর্ধন এবং যে কোন অনুদানপ্রাপ্ত ব্যক্তির আবেদন বিবেচনা/বাতিলের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করেন।

(ছানিয়া অক্তার)
যুগ্মসচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
সদস্য-সচিব, স্টিয়ারিং কমিটি
☎ ০২-৫৫১০১৩৮৭
ই-মেইল: js.insurance@fid.gov.bd